NHS
Galleri Trial

অংশগ্রহণকারীর তথ্য পত্র

গোড়ার দিকে ক্যান্সার সনাক্তকরণ সম্পর্কিত গবেষণায় আমাদের সহায়তা করার আপনার আগ্রহের জন্য আপনাকে ধন্যবাদ।

আপনি এই তথ্য পত্রটি পাচ্ছেন কারণ আপনি NHS-Galleri পরীক্ষণে অংশ নেওয়ার বিষয়ে পরীক্ষণ দলের সাথে যোগাযোগ করেছিলেন।

পরীক্ষণটিতে অংশ নেবেন কিনা সেই সিদ্ধান্ত নেওয়ার সময় আপনাকে যে সব গুরুত্বপূর্ণ তথ্য সম্বন্ধে চিন্তা করতে হবে, তা এই তথ্য পত্রটি আপনাকে দেয়। পরীক্ষণটি সম্পর্কে আপনার যদি কোনও প্রশ্ন থাকে যার উত্তর এই পত্রটিতে দেওয়া হয় নি, তাহলে আপনি www.nhs-galleri.org এ আরও তথ্য পেতে পারেন।

আপনি যখন আপনার অ্যাপয়েন্টমেন্টটিতে উপস্থিত থাকেন তখনও আপনার প্রশ্ন জিজ্ঞাসা করার সুযোগ থাকবে। মনে রাখুন যে এই পরীক্ষণে অংশ নেওয়া স্বেচ্ছামূলক, এবং আপনি যে কোনও সময় আপনার মন পরিবর্তন করতে এবং পরীক্ষণটি ছেড়ে চলে যেতে পারেন।

কারা অধ্যয়নটি পরিচালনা করছে?

গ্রেইল ইনকরপোরেটেড (GRAIL Inc.) হল যুক্তরাষ্ট্রের একটি সংস্থা যেটি Galleri পরীক্ষার বিকাশ করেছে। তারা ইউকে-তেও একটি শাখা, গ্রেইল বায়ো ইউকে লিমিটেড (গ্রেইল) [GRAIL Bio UK Ltd. (GRAIL)] স্থাপন করেছে যারা এই পরীক্ষণের প্রধান অর্থায়নকারী এবং সংগঠক।

অধ্যয়নটি জাতীয় স্বাস্থ্য পরিষেবা (National Health Service, NHS) ইংল্যান্ডের সাথে অংশীদারিত্বে করা হচ্ছে এবং ক্যান্সার রিসার্চ ইউকে ও কিং’স কলেজ লন্ডন ক্যান্সার প্রতিরোধ পরীক্ষণ ইউনিট, কিং’স কলেজ লন্ডন (কিং'স) এ ক্যান্সার গবেষক এবং পরীক্ষণ ম্যানেজারদের একটি দলের দ্বারা পরিচালিত হবে।

GRAIL

CANCER RESEARCH UK | KING’S COLLEGE LONDON CANCER PREVENTION TRIALS UNIT

IRAS প্রোজেক্ট ID: 293034 | ওয়েলস REC1 তথ্যসূত্র: 21/WA/014 | অংশগ্রহণকারী তথ্য পত্র v3.0 25জুন2021

NHS-Galleri পরীক্ষণের সংক্ষিপ্তসার

NHS-Galleri পরীক্ষণ কী?

NHS-Galleri একটি গবেষণা পরীক্ষণ যেটির লক্ষ্য হল NHS এ নতুন Galleri™ পরীক্ষা কতটা ভাল কাজ করে তা দেখা। NHS এ স্ট্যান্ডার্ড ক্যান্সার পরীক্ষার পাশাপাশি Galleri পরীক্ষা ব্যবহার করা হলে, প্রাথমিক পর্যায়ে যখন সেগুলির চিকিৎসা করা সহজ হয়, তখন ক্যান্সারগুলি খুঁজে পেতে সহায়তা করে কিনা তা দেখাই হল লক্ষ্য।

Galleri পরীক্ষা কী?

Galleri পরীক্ষা হল একটি নতুন পরীক্ষা যা রক্তের একটি নমুনায় ক্যান্সারের সম্ভাব্য লক্ষণগুলি সন্ধান করে। পরীক্ষাটি বিভিন্ন ধরনের ক্যান্সার খুঁজে পেতে পারে কিন্তু সবকটি ক্যান্সার খুঁজে পেতে পারে না। উদ্দেশ্যটি হল সাধারণ ক্যান্সার যাচাই পরীক্ষার পাশাপাশি পরীক্ষাটিকে ব্যবহার করা। যদি পরীক্ষাটি ক্যান্সারের একটি সম্ভাব্য লক্ষণ খুঁজে পায়, তাহলে এর অর্থ এই নয় যে একজন ব্যক্তির *নিশ্চিতরূপে* ক্যান্সার আছে। এর অর্থ শুধুমাত্র এই যে তার ক্যান্সার থাকতে পারে, এবং যাচাই করার জন্য তার কিছু অনুসরণমূলক পরীক্ষা করানোর প্রয়োজন হবে। Galleri পরীক্ষা সম্পর্কিত আরও তথ্যের জন্য, নীচের ‘Galleri পরীক্ষা’ বিভাগটি দেখুন।

কারা পরীক্ষণটির আয়োজন করছে?

GRAIL Bio UK Ltd. (GRAIL, Inc এর ইউকে শাখা, যেটি Galleri পরীক্ষার বিকাশ করেছিল), NHS ইংল্যান্ড এবং কিং’স কলেজ লন্ডনের মধ্যে অংশীদারিত্বে এই পরীক্ষণটি পরিচালিত হচ্ছে। পরীক্ষণটির প্রধান অনুসন্ধানকারীরা হলেন একজন GP গবেষক প্রফেসর রিচার্ড নীল, যিনি ক্যান্সার যাচাই পরীক্ষার বিষয়ে আগ্রহী, এবং ইউনিভার্সিটি কলেজ লন্ডন (University College London) ও ফ্রান্সিস ক্রিক ইনস্টিটিউট (Francis Crick Institute) এর ক্যান্সার গবেষক, এবং ক্যান্সার রিসার্চ ইউকে এর প্রধান ক্লিনিশিয়ান, প্রফেসর চার্লস সোয়ানটন।

কারা অংশ নিতে পারেন?

আমরা আশা করি যে 140,000 জন ব্যক্তি অংশ নেবেন। আমাদের 50–77 বছর বয়সী ব্যক্তিদের প্রয়োজন, যাদের গত 3 বছরে ক্যান্সার রোগনির্ণয় করা বা এর জন্য চিকিৎসা করা হয় নি। অংশ নেওয়া সম্পূর্ণরূপে স্বেচ্ছামূলক।

কী জড়িত আছে?

আমরা আপনাকে একটি ভ্রাম্যমান ক্লিনিকে আসতে বলব (নীচে ব্যাখ্যা করা হয়েছে) যেখানে আমরা নিশ্চিত করব যে আপনি পরীক্ষণের প্রয়োজনীয়তা পূরণ করেছেন কিনা এবং আপনি অংশ নিতে রাজি কিনা তা জিজ্ঞাসা করব। আমরা আপনাকে রক্তের একটি নমুনা দিতে, সমীক্ষাগুলি পূরণ করতে এবং আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য বিনিময় করার সম্মতি দিতে বলব। আমরা ঠিক একটি সাধারণ রক্ত পরীক্ষার মতোই, প্রায় দেড় টেবিল চামচ (প্রায় 20 মিলি) রক্ত গ্রহণ নেবো। আমরা আপনাকে প্রায় 2 বছর ধরে মোট 3 বার ভ্রাম্যমান ক্লিনিকে আসতে বলব।

আমার রক্তের নমুনার কী হবে?

পরীক্ষণের অর্ধেক ব্যক্তি ‘পরীক্ষার দলে’ থাকবেন। এর অর্থ হল Galleri পরীক্ষা ব্যবহার করে তাদের রক্তের নমুনা পরীক্ষা করা হবে। অন্য অর্ধেক একটি ‘নিয়ন্ত্রণ দলে’ থাকবেন এবং তাদের রক্ত নিরাপদে সংরক্ষণ করা হবে তবে Galleri পরীক্ষার সাহায্যে অবিলম্বে পরীক্ষা করা হবে না। পরীক্ষা দলের এবং নিয়ন্ত্রণ দলের ব্যক্তিদের মধ্যে কোনও পার্থক্য রয়েছে কিনা তা দেখার জন্য ভবিষ্যতে Galleri পরীক্ষার সাহায্যে নিয়ন্ত্রণ দলের নমুনাগুলি পরীক্ষা করা হতে পারে। এমনকি পরীক্ষণটি শেষ হওয়ার পরেও আপনাকে জানানো হবে না যে আপনি কোন দলে ছিলেন। প্রত্যেককে জিজ্ঞাসা করা হবে যে Galleri পরীক্ষার আরও উন্নতি করতে গবেষণায় সাহায্য করার জন্য, এবং অন্যান্য পরীক্ষাগুলির বিকাশ করতে এবং সেগুলি কতটা ভাল কাজ করে তা দেখার জন্য পরবর্তী সময়ে তাদের নমুনাগুলি সংরক্ষণ ও পরীক্ষা করা যেতে পারে কিনা।

আমি কি ফলাফলগুলি পাবো?

যারা রক্তের নমুনা দেন তাদের প্রত্যেকে তাদের অ্যাপয়েন্টমেন্টের 30 দিন পরে একটি চিঠি পাবেন যাতে নিশ্চিত করা যায় যে নমুনাটি গৃহীত হয়েছে। তবে, আমরা শুধুমাত্র পরীক্ষার দলে থাকা ব্যক্তিদের ফলাফলগুলি দেবো, যাদের Galleri পরীক্ষা ব্যবহার করে ক্যান্সারের একটি সংকেত খুঁজে পাওয়া গেছে। অন্য কোনো ফলাফল বিনিময় করা হবে না।

যদি আমরা ক্যান্সারের একটি সংকেত খুঁজে পাই, তাহলে আমরা আপনার সাথে যোগাযোগ করব এবং আপনার প্রকৃতপক্ষে ক্যান্সার আছে কিনা তা দেখার জন্য একটি স্থানীয় হাসপাতালে আপনার অনুসরণমূলক পরীক্ষাগুলি করার ব্যবস্থা করব। এই অনুসরণমূলক পরীক্ষাগুলি NHS দ্বারা পরিচালিত হবে এবং এটি পরীক্ষণটির অংশ নয়।

এরপরে কী হয়?

অনুগ্রহ করে এই পত্রটি মনোযোগ সহকারে পড়ুন এবং আপনার কোনো প্রশ্ন থাকলে আমাদের সাথে যোগাযোগ করুন। আপনি যখন আপনার রক্তের নমুনা সংক্রান্ত অ্যাপয়েন্টমেন্টের জন্য আসবেন তখনও আপনি প্রশ্ন জিজ্ঞাসা করতে পারবেন।

NHS-Galleri পরীক্ষণটির উদ্দেশ্য কী?

Galleri পরীক্ষা হল একটি নতুন রক্ত পরীক্ষা যা একজন ব্যক্তির রক্তের নমুনায় থাকা বিভিন্ন ধরনের ক্যান্সারের চিহ্নগুলি সনাক্ত করতে পারে। Galleri পরীক্ষা অন্যান্য পরীক্ষাগুলির চেয়ে আগে এবং ব্যক্তিদের ক্যান্সারের উপসর্গগুলি দেখা দেওয়ার আগে এই চিহ্নগুলি খুঁজে পেতে পারে, এটির অর্থ হতে পারে যে আরও সফলভাবে ক্যান্সারের চিকিৎসা করা যেতে পারে।

তবে, বর্তমানে NHS যে পন্থাগুলি ব্যবহার করে সেগুলির সাথে যুক্ত করা হলে, স্বাস্থ্যের ক্ষেত্রে একটি পার্থক্য তৈরি করার জন্য Galleri পরীক্ষা যথেষ্ট গোড়ার দিকে ক্যান্সার সনাক্তকরণের পক্ষে কতটা ভাল তা বর্তমানে আমরা জানি না। এই কারণেই আমাদের এই পরীক্ষণটি পরিচালনা করা প্রয়োজন।

একটি পরীক্ষণ কী?

একটি পরীক্ষণ হল এক ধরনের গবেষণা অধ্যয়ন যার লক্ষ্য হল, একটি নতুন চিকিৎসা বা পরীক্ষা, ইতিমধ্যে ব্যবহৃত হতে থাকা অন্যান্য পন্থাগুলির চেয়ে বেশি ভাল কাজ করে কিনা তা বোঝা। এই ক্ষেত্রে, NHS-Galleri পরীক্ষণের লক্ষ্য হল বোঝা যে NHS বর্তমানে যে ক্যান্সার যাচাই পরীক্ষার কর্মসূচিগুলি ব্যবহার করে সেগুলির পাশাপাশি Galleri পরীক্ষা ব্যবহার করা হলে, যে সকল ব্যক্তির ক্যান্সারের লক্ষণ নেই তাদের মধ্যে গোড়ার দিকে ক্যান্সার খুঁজে পেতে সাহায্য করতে পারে কিনা।

মানুষকে ক্যান্সারের জন্য যাচাই পরীক্ষা করার একটি উপায় হিসাবে Galleri পরীক্ষা কতটা ভাল কাজ করে সে সম্পর্কে পরীক্ষণটির পরে আমাদের অনেক ভাল বোধ থাকবে। যদি এটি কাজ করে, তাহলে ভবিষ্যতে এটি NHS এ ব্যবহার করা যেতে পারে (স্তনের যাচাই পরীক্ষা বা অন্ত্রের যাচাই পরীক্ষার মতো, কিন্তু বিভিন্ন ধরনের ক্যান্সারের জন্য)। Galleri পরীক্ষা যদি এই ব্যবস্থাটিতে ভাল কাজ না করে, তাহলেও ক্যান্সারের যাচাই পরীক্ষার উন্নতি করার জন্য ভবিষ্যতে কী গবেষণা করা প্রয়োজন সে সম্পর্কে আমরা গুরুত্বপূর্ণ তথ্য জানতে পারব, যাতে ক্যান্সারের দ্বারা মানুষের জীবন প্রভাবিত হওয়ার সম্ভাবনা কম থাকে।

আমাকে কেন অংশ নিতে আমন্ত্রণ জানানো হয়েছে?

আমাকে কেন আমন্ত্রণ জানানো হয়েছিল?

NHS-Galleri পরীক্ষণটি নির্দিষ্ট কিছু আবশ্যতা পূরণ করেন এমন সম্ভাব্য অংশগ্রহণকারীদের অংশ নেওয়ার আমন্ত্রণ জানানোর জন্য খুঁজে বের করতে NHS Digital বা আপনার সাধারণ চিকিৎসককে (General Physician, GP) একটি বৈদ্যুতিন অনুসন্ধান চালাতে বলেছিল।

কারা NHS-Galleri পরীক্ষণে অংশ নিতে পারেন?

NHS-Galleri পরীক্ষণটি অধ্যয়নে যোগদান করার জন্য নির্দিষ্ট কিছু আবশ্যতা পূরণ করেন এমন সম্ভাব্য অংশগ্রহণকারীদের খুঁজে বের করার জন্য NHS Digita-কে একটি বৈদ্যুতিন অনুসন্ধান চালাতে বলেছিল। আমরা মনে করি Galleri পরীক্ষায় 50 বছরের বেশি বয়সী ব্যক্তিদের উপকার পাওয়ার সবচেয়ে বেশি সম্ভাবনা আছে কারণ তারা কিছু ক্যান্সারের উচ্চতর ঝুঁকিতে আছেন। সেইজন্য আমরা 50 থেকে 77 বছর বয়সী এমন ব্যক্তিদের আমন্ত্রণ জানাচ্ছি, যারা ইংল্যান্ডের যেখানে পরীক্ষণটি করা হচ্ছে সেই অঞ্চলে বাস করেন। গত 3 বছরের মধ্যে যাদের ক্যান্সার ধরা পড়েছিল বা এর চিকিৎসা করা হয়েছিল, বা যাদের ক্যান্সারের সন্দেহ থাকার কারণে বর্তমানে পরীক্ষা করা হচ্ছে (বা পরীক্ষার জন্য অপেক্ষা করছেন) আমরা তাদের আমন্ত্রণ জানাচ্ছি না।

NHS-Galleri পরীক্ষণে, আমরা চাই যে 140,000 জন ব্যক্তি স্বেচ্ছায় রক্তের নমুনা দিন এবং অংশগ্রহণ করুন। আমাদের প্রচুর সংখ্যক ব্যক্তিকে প্রয়োজন যাতে পরীক্ষণটির শেষে, আমরা আত্মবিশ্বাসী হতে পারি যে Galleri পরীক্ষাটি কতটা ভাল কাজ করে তা আমরা বুঝি।

আমাকে কি অংশ নিতেই হবে?

এই পরীক্ষণে অংশ নেওয়া সম্পূর্ণরূপে আপনার পছন্দ। আপনি যদি অংশ না নেওয়ার সিদ্ধান্ত নেন, বা আপনি যদি কোনো মুহূর্তে পরীক্ষণটি ছেড়ে চলে যাওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে এর কোনও পরিণাম হয় না, এবং আপনার কোনও কারণ দেওয়ার প্রয়োজন হয় না।

কোন সংস্থাগুলি জড়িত আছে?

GRAIL

GRAIL Bio UK Ltd. এই পরীক্ষণের প্রধান অর্থায়নকারী এবং সংগঠক। এটি যুক্তরাষ্ট্রে GRAIL, Inc. এর একটি শাখা যেটি Galleri পরীক্ষার বিকাশ করেছিল।

NHS

NHS ইংল্যান্ড একটি অংশীদার এবং পরীক্ষণের সাথে সম্পর্কিত অনুসরণ এবং পরিচর্যা প্রদান করবে। জাতীয় রোগ নিবন্ধন পরিষেবা (National Disease Registration Service) পরীক্ষণটির জন্য ডেটা প্রদান করবে।

কিং'স কলেজ লন্ডন

ক্যান্সার রিসার্চ UK এবং কিং'স কলেজ লন্ডন ক্যান্সার প্রতিরোধ পরীক্ষা ইউনিট, কিং'স কলেজ লন্ডন এর ক্যান্সার গবেষক এবং পরীক্ষণ ম্যানেজারদের একটি দল এই পরীক্ষণটির সমন্বয়সাধন করবেন এবং ফলাফলগুলি বিশ্লেষণ করবেন।

কারা Galleri পরীক্ষাটির বিকাশ করেছিলেন?

Galleri পরীক্ষাটি US এ GRAIL এর গবেষকরা বিকাশ করেছিলেন এবং এটির লক্ষ্য হল ব্যক্তিদের উপসর্গগুলি দেখা দেওয়ার আগেই ক্যান্সার খুঁজে বের করা। US, UK এবং কানাডা থেকে এখন পর্যন্ত 100,000 এরও বেশি ব্যক্তি Galleri পরীক্ষা ব্যবহার করে পরীক্ষণগুলিতে অংশ নিয়েছেন এবং প্রাথমিক ফলাফলগুলি ইঙ্গিত করে যে পরীক্ষাটি ভালভাবে কাজ করতে পারে। ভবিষ্যতে UK এর লোকদের নিয়মিতভাবে প্রদান করার জন্য পরীক্ষাটি যথেষ্ট ভালভাবে কাজ করে কিনা তা বুঝতে NHS এখন আরও কাজ করতে চায়।

কারা এই পরীক্ষণের আয়োজন ও অর্থায়ন করছে?

GRAIL এই পরীক্ষণের প্রধান অর্থায়নকারী এবং সংগঠক। তারা NHS England এর সাথে অংশীদারিত্ব করছে যারা অংশগ্রহণকারীদের প্রয়োজনীয় যে কোনো অনুসরণমূলক পরীক্ষাগুলি (যেমন আরও রক্ত পরীক্ষা বা স্ক্যানগুলি) প্রদান করবে এবং তাদের কোনও ক্যান্সার ধরা পড়লে যে কোনো চিকিৎসা প্রদান করবে। ক্যান্সার রিসার্চ ইউকে ও কিং’স কলেজ লন্ডন ক্যান্সার প্রতিরোধ পরীক্ষণ ইউনিট, কিং’স কলেজ লন্ডন (কিং'স) এ ক্যান্সার গবেষক এবং পরীক্ষণ ম্যানেজারদের একটি দল পরীক্ষণটি পরিচালনা করবেন।

অন্য কেউ কি যুক্ত আছে?

পরীক্ষণটি পরিচালনায় সাহায্য করার জন্য আমরা UK-তে এবং UK-এর বাইরে থাকা অন্যান্য বিভিন্ন সংস্থা ও কোম্পানিগুলির পরিষেবা ব্যবহার করব। তারা পরীক্ষণটিতে অংশ নেওয়া ব্যক্তিদের রক্তের নমুনা এবং স্বাস্থ্য সম্পর্কিত তথ্য পরিচালনা করতে পারে। তাদের নিরাপদে এবং সুরক্ষিতভাবে এটি করার প্রয়োজন হবে।

এই পরীক্ষণটি নিরাপদে এবং যথাযথভাবে পরিচালিত হচ্ছে তা নিশ্চিত করার জন্য কারা এটিকে পর্যালোচনা করেছে?

একটি NHS নৈতিকতা কমিটি পরীক্ষণটির পর্যালোচনা করেছে। গবেষণা পরীক্ষণগুলি যে ভালভাবে পরিকল্পিত এবং পরিচালিত হয়, যাতে এই পরীক্ষণগুলিতে অংশ নেওয়া ব্যক্তিদের ক্ষতির অযৌক্তিক ঝুঁকির সম্মুখীন হতে না হয়, তা নিশ্চিত করার দায়িত্ব এই নৈতিকতা কমিটির রয়েছে। কমিটিটি এই পরীক্ষণটির অনুমোদন দিয়েছে এবং বিশ্বাস করে যে এটি নিরাপদে এবং যথাযথভাবে পরিচালিত হবে। এছাড়াও NHS ইংল্যান্ড এবং NHS উন্নয়ন (NHS Improvement) ইংল্যান্ডের লোকদের ক্যান্সার যাচাই পরীক্ষার উন্নতি করার জন্য তাদের কাজের অংশ হিসাবে এই পরীক্ষণের অনুমোদন দিয়েছে।

অংশগ্রহণের সম্ভাব্য লাভ এবং ঝুঁকি

অংশগ্রহণের সম্ভাব্য সুবিধাগুলি কী কী?

আপনি যদি অংশ নেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে আপনি গুরুত্বপূর্ণ গবেষণায় অবদান রাখবেন যা ভবিষ্যতে মানুষের উপকার করতে পারে। NHS এ স্ট্যান্ডার্ড ক্যান্সার পরীক্ষার পাশাপাশি Galleri পরীক্ষা ব্যবহার করা হলে, তা গোড়ার দিকে যখন সেগুলির চিকিৎসা করা সহজ হয়, তখন ক্যান্সারগুলি খুঁজে পেতে সহায়তা করে কিনা পরীক্ষণটি তা দেখতে চায়। স্বাস্থ্য গবেষণা সম্পর্কে আরও জানার একটি উপায় হিসাবেও আপনি অংশ নেওয়া উপভোগ করতে পারেন।

অংশগ্রহণের সম্ভাব্য ঝুঁকিগুলি কী কী?

যে সকল ব্যক্তিরা অংশ নেন তারা যাতে কোনও ক্ষতি বা উদ্বেগের সম্মুখীন না হন তা নিশ্চিত করার জন্য আমরা আমাদের যথাসাধ্য সব কিছু করব। তবে, এমন কিছু ঝুঁকি আছে যেগুলি সম্পর্কে আপনার সচেতন হওয়া প্রয়োজন। Galleri পরীক্ষা একটি রক্ত পরীক্ষা হওয়ার কারণে, আপনাকে রক্তের নমুনা দিতে হবে। যদিও রক্তের একটি নমুনা দেওয়া সাধারণত খুব নিরাপদ হয়, তবুও অস্বস্তি, জ্ঞান হারানোর অনুভূতি বা সংক্রমণ সহ কিছু সম্ভাব্য ঝুঁকি রয়েছে।

সকল যাচাই পরীক্ষার মতো Galleri পরীক্ষাও ত্রুটিহীন নয় এবং এটি ভুল ফলাফল দিতে পারে। এটির অর্থ হল এই যে Galleri পরীক্ষার ফলাফলটি অনিশ্চিত বা ভুল হিসাবে দেখা দেওয়ার কারণে আপনার উদ্বেগ বা কষ্টের অভিজ্ঞতা হওয়ার সম্ভাবনা আছে। যদি পরীক্ষাটি একটি ক্যান্সারের সংকেত সনাক্ত করে এবং ডাক্তার কোনো ক্যান্সার খুঁজে না পান, তাহলে আপনার এমন অনুসরণমূলক পরীক্ষাগুলি করা হয়ে থাকতে পারে যেগুলি অপ্রয়োজনীয় ছিল। এই অনুসরণমূলক পরীক্ষাগুলির নিজস্ব ঝুঁকি থাকতে পারে, যেমন স্ক্যানগুলি থেকে আসা বিকিরণ, এগুলি নেওয়ার আগে আপনার ডাক্তারের সাথে আপনার আলোচনা করা উচিত।

আপনার কিছু প্রশ্ন থাকতে পারে

আমার ক্যান্সার আছে কিনা তা নিয়ে আমি চিন্তিত। উত্তর পাওয়ার জন্য আমার কি এই পরীক্ষণে অংশ নেওয়া উচিত?

আপনি যদি উপসর্গগুলির কারণে উদ্বিগ্ন হন যে আপনার ক্যান্সার থাকতে পারে, তাহলে আপনার GP এর সাথে যত তাড়াতাড়ি সম্ভব দেখা করা উচিত এবং উত্তর পেতে এই পরীক্ষণে অংশ নেওয়া উচিত নয়।

আপনার রক্তের নমুনা অবিলম্বে পরীক্ষা করা হবে না এমন 50% সম্ভাবনা থাকার কারণে আপনি এই পরীক্ষণে অংশ নেওয়া থেকে সরাসরি উপকৃত নাও হতে পারেন।

পরীক্ষণটিতে অংশ নেওয়া কি আমার অন্যান্য ক্যান্সার যাচাই পরীক্ষার অ্যাপয়েন্টমেন্টগুলিতে উপস্থিত থাকার একটি বিকল্প?

না। আপনাকে যখন এটি করার জন্য আমন্ত্রণ করা হয়, তখন আপনার সাধারণ ক্যান্সার যাচাই পরীক্ষার অ্যাপয়েন্টমেন্টগুলিতে উপস্থিত থাকা চালিয়ে যাওয়া অত্যন্ত গুরুত্বপূর্ণ। আপনার যদি নতুন বা অস্বাভাবিক কোনও উপসর্গ নজরে আসে তাহলে আপনার GP এর সাথে কথা বলার জন্যও আপনার একটি অ্যাপয়েন্টমেন্ট নেওয়া উচিত।

অংশ নেওয়ার জন্য আমাকে কি অর্থপ্রদান করা হবে?

প্রতিটি রক্তের নমুনার অ্যাপয়েন্টমেন্টে আপনাকে £10 উপহার ভাউচার দেওয়া হবে। এটির উদ্দেশ্য হল আপনার সময় এবং যুক্ত থাকার জন্য আপনাকে ধন্যবাদ জানানো, এবং আপনার অ্যাপয়েন্টমেন্টে যাওয়ার জন্য পরিবহনের মতো, আপনার কোনও ব্যয় হয়ে থাকলে তা বহন করা। অংশ নেওয়ার জন্য আমরা অন্য কোনও অর্থপ্রদান করতে পারি না।

Galleri পরীক্ষা

Galleri পরীক্ষা কী?

যখন কোনও ব্যক্তির ক্যান্সার হয়, তখন ক্যান্সারটি রক্ত প্রবাহে DNA এর ছোট টুকরোগুলি মুক্ত করতে পারে। DNA হল জিনগত কোড (এক ধরণের নির্দেশ পুস্তিকা) যা কোষগুলিতে পাওয়া যায়। Galleri পরীক্ষাটি স্বয়ং জিনগত কোডটির দিকে না তাকালেও, এটি একটি সম্ভাব্য ক্যান্সারের সংকেত চিহ্নিত করার জন্য DNA-তে থাকা অন্যান্য মার্কারগুলির ধরনের দিকে তাকায়। Galleri পরীক্ষা 50 টিরও বেশি বিভিন্ন ধরনের ক্যান্সারের সংকেত সনাক্ত করতে পারে, এর মধ্যে এমন অনেকগুলি ক্যান্সার আছে যার জন্য কোনও যাচাই পরীক্ষার কর্মসূচি নেই, যেমন ফুসফুস, অগ্ন্যাশয় বা পাকস্থলীর ক্যান্সার। তবে, সংকেতটির অর্থ এই নয় যে একজন ব্যক্তির *নিশ্চিতরূপে* ক্যান্সার আছে। এর অর্থ শুধুমাত্র এই যে তার ক্যান্সার *থাকতে পারে,* এবং যাচাই করার জন্য তার কিছু অনুসরণমূলক পরীক্ষা করানোর প্রয়োজন হবে। কিং'স কলেজ লন্ডন এর পরীক্ষণ দলটি আপনার অ্যাপয়েন্টমেন্টগুলি সংগঠিত করতে সাহায্য করবে।

Galleri পরীক্ষা যদি কোনো ব্যক্তির রক্তে ক্যান্সারের সংকেত সনাক্ত করে, তাহলে কি সেই ব্যক্তির নিশ্চিতরূপে ক্যান্সার আছে?

না। ক্যান্সারের সংকেত থাকা মানুষদের মধ্যে প্রায় অর্ধেকের অনুসরণমূলক পরীক্ষাগুলির সময় ক্যান্সার পাওয়া যাবে, এবং অন্য অর্ধেক ব্যক্তির তা পাওয়া যাবে না।

Galleri পরীক্ষা যদি কোনো ব্যক্তির রক্তে ক্যান্সারের সংকেত সনাক্ত না করে, তাহলে কি সেই ব্যক্তির নিশ্চিতরূপে ক্যান্সার নেই?

না, Galleri পরীক্ষা যদি ক্যান্সারের সংকেত সনাক্ত না করে, তাহলে এটি ক্যান্সারের সম্ভাবনা পুরোপুরি বাতিল করে না। আপনার তাসত্ত্বেও আপনার ক্যান্সার যাচাই পরীক্ষার স্বাভাবিক অ্যাপয়েন্টমেন্টগুলিতে যাওয়া উচিত এবং আপনার GP এর সাথে যে কোনো উদ্বেগজনক উপসর্গ নিয়ে আলোচনা করার জন্য একটি অ্যাপয়েন্টমেন্ট নেওয়া উচিত। মনে রাখুন, আপনি যদি পরীক্ষা শাখাটিতে থাকেন এবং আপনার রক্তের নমুনায় কোনো ক্যান্সার সংকেত পাওয়া না যায়, তাহলে আপনাকে তা বলা হবে না।

NHS-Galleri পরীক্ষায় আপনার যে বিভিন্ন অভিজ্ঞতাগুলি হতে পারে



একটি নির্দিষ্ট উপায়ে পরীক্ষণগুলির পরিকল্পনা করতে হবে যাতে একটি নতুন পরীক্ষা বা চিকিৎসা কতটা ভাল কাজ করে তা আমরা জানতে পারি। এটি জানার সেরা উপায় হল দুই দল মানুষের মধ্যে তুলনা করা: একটি দল যা নতুন পরীক্ষা বা চিকিৎসাটি পেয়েছিল, এবং অন্য দল যেটি তা পায় নি। আমরা এগুলিকে "পরীক্ষা" এবং "নিয়ন্ত্রণ" দল বলি। পরীক্ষণ চলাকালীন এবং তার পরে, পরীক্ষা দলে ক্যান্সারগুলি নিয়ন্ত্রণ দলের চেয়ে বেশি গোড়ার দিকের পর্যায়ে পাওয়া যায় কিনা আমরা তা দেখতে চাইব।

আমরা খুঁজে পাওয়া ক্যান্সারের ধরন, রোগনির্ণায়ক পরীক্ষা এবং ক্যান্সারের চিকিৎসাগুলির ধরন সম্পর্কে অতিরিক্ত তথ্য, এবং নিয়ন্ত্রণ দলে থাকা যে ব্যক্তিদের কোনও পরীক্ষার ফলাফল নেই তাদের তুলনায় যাদের পরীক্ষার একটি ফলাফল আছে তাদের মধ্যে চিকিৎসাগুলি কতটা সফল তাও লিপিবদ্ধ করব।

আমি কি পরীক্ষা দলটিতে থাকব এবং আমার রক্ত কি পরীক্ষা করা হবে? নাকি আমি নিয়ন্ত্রণ দলটিতে থাকব এবং আমার রক্ত অবিলম্বে পরীক্ষা করা হবে না?

আপনি পরীক্ষা দলটিতে নাকি নিয়ন্ত্রণ দলটিতে থাকবেন কিনা তা একটি কম্পিউটার এলোপাথাড়িভাবে চয়ন করবে। এটি কম্পিউটার দ্বারা একটি মুদ্রা টস করার মতো হবে: আপনার পরীক্ষা দলটিতে থাকার 50% সম্ভাবনা আছে এবং নিয়ন্ত্রণ দলটিতে থাকার 50% সম্ভাবনা আছে। আমরা মুদ্রা টস করার জন্য একটি কম্পিউটার ব্যবহার করি কারণ আমরা মনে করি এটি সর্বাপেক্ষা পক্ষপাতহীন। কোন অংশগ্রহণকারী কোন দলে আছেন সে সম্পর্কে কোনও ব্যক্তি সিদ্ধান্ত নেন না। আপনি কোন দলে আছেন তাও আপনাকে জানানো হবে না। আবারও, ফলাফলগুলি নির্ভরযোগ্য আছে তা নিশ্চিত করার জন্য এইভাবেই পরীক্ষণগুলি পরিচালনা করার প্রয়োজন হয়।

যদি আমাকে পরীক্ষা দলটিতে রাখা হয় এবং Galleri পরীক্ষা বলে যে আমার রক্তে ক্যান্সারের সংকেত রয়েছে, তাহলে কী হবে?

পরীক্ষণ দল থেকে একজন গবেষণা নার্স আপনার সাথে ফোনের মাধ্যমে যোগাযোগ করবেন, যিনি আপনাকে আপনার ফলাফল এবং এর পরে কী ঘটবে তা জানাবেন। আপনার GP-কেও তার অবগতির জন্য আপনার ফলাফল সম্পর্কে বলা হবে। আপনার ক্যান্সার আছে কিনা তা যাচাই করতে অনুসরণমূলক পরীক্ষাগুলির জন্য আমরা একটি আঞ্চলিক হাসপাতালে আপনার জন্য একটি NHS অ্যাপয়েন্টমেন্টের আয়োজন করব। আমরা এই অ্যাপয়েন্টমেন্টের আয়োজন করার পরে, হাসপাতালের দলটি ক্যান্সারের সংকেতের ফলাফল অনুসন্ধানের জন্য পরবর্তী পদক্ষেপগুলি নিয়ে আলোচনা করতে আপনার সাথে যোগাযোগ করবে। অনুসরণমূলক পরীক্ষাগুলিতে স্ক্যান, স্কোপ বা আরও রক্ত পরীক্ষার মতো জিনিসগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে। স্থানীয় সময়রেখা এবং উপলভ্যতার উপর নির্ভর করে আপনার অনুসরণমূলক পরীক্ষাগুলি যত তাড়াতাড়ি সম্ভব বুক করা হবে। পরীক্ষণ দলের সাথে কথা বলার পাঁচটি কার্যদিবসের মধ্যে যদি আপনি হাসপাতালের কাছ থেকে না শুনে থাকেন, সেই ক্ষেত্রে আমরা আপনার জন্য যে NHS অ্যাপয়েন্টমেন্টটির আয়োজন করেছি সেটির অগ্রগতি যাচাই করার জন্য অনুগ্রহ করে 0800 030 9245 নম্বরে আমাদের সাথে যোগাযোগ করুন।

Galleri পরীক্ষাটি যদি জানায় যে আমার একটি ক্যান্সারের সংকেত আছে, কিন্তু আমার ডাক্তার কোনো ক্যান্সার খুঁজে না পান, তাহলে কী হয়?

Galleri পরীক্ষাটি যদি একটি ক্যান্সারের সংকেত খুঁজে পায়, কিন্তু আপনার বিশেষজ্ঞ ডাক্তার কোনো ক্যান্সার খুঁজে না পান, তাহলে আমরা আপনাকে অধ্যয়ন সাক্ষাৎগুলির জন্য ফিরে আসা অব্যাহত রাখতে বলি এবং সেই সাক্ষাৎগুলিতে Galleri পরীক্ষার জন্য রক্তের নমুনা দিতে বলি।

যদি আমাকে পরীক্ষা দলটিতে রাখা হয় এবং Galleri পরীক্ষা বলে যে আমার রক্তে ক্যান্সারের সংকেত নেই, তাহলে কী হবে?

আপনার নমুনা গৃহীত হয়েছে তা জানিয়ে আপনি একটি চিঠি পাবেন। আমরা আপনাকে বলব না যে ক্যান্সারের কোনো সংকেত পাওয়া যায় নি। এটি দুটি কারণে:

1. এই পরিস্থিতিতে Galleri পরীক্ষা কতটা ভাল কাজ করে তা আমরা এখনও পর্যন্ত জানি না, তাই আমরা মানুষকে মিথ্যা আশ্বাস দিতে চাই না

2. পরীক্ষণগুলিতে, ব্যক্তিরা প্রায়শই জানেন না যে তারা কোন দলে আছেন। নির্ভরযোগ্য গবেষণার ফলাফল পাওয়ার জন্য এটি গুরুত্বপূর্ণ। ব্যক্তিরা যদি জানতে পারেন যে তারা কোন দলে আছেন, তাহলে এটি গবেষণার ফলাফলগুলি কম স্পষ্ট বা নির্ভরযোগ্য করে তুলতে পারে।

আমাকে যদি নিয়ন্ত্রণ দলে রাখা হয়, তাহলে আমার রক্তের নমুনাগুলির কী হয়? সেগুলিকে কি কখনও পরীক্ষা করা হবে?

পরীক্ষা দলে এবং নিয়ন্ত্রণ দলে থাকা ব্যক্তিদের যা ঘটে তার মধ্যে পার্থক্যগুলি বুঝতে আমাদের সাহায্য করার জন্য ভবিষ্যতে নিয়ন্ত্রণ দলের নমুনাগুলি Galleri পরীক্ষার সাহায্যে পরীক্ষা করা হতে পারে। আপনি যদি নিয়ন্ত্রণ দলে থাকেন, তাহলে NHS দ্বারা এখনও আপনার ক্যান্সার রোগনির্ণয় করা হতে পারে, তবে এমনকি পরীক্ষণটি শেষ হওয়ার পরেও আপনি পরীক্ষণটি থেকে কোনো ফলাফল পাবেন না। পরীক্ষাটি যতটা ভাল কাজ করে তার উন্নতি করতে অন্যান্য গবেষণায় সাহায্য করার জন্য পরীক্ষণটির পরে আপনার নমুনাগুলি সংরক্ষণ এবং পরীক্ষা করা যেতে পারে কিনা তাও আপনাকে জিজ্ঞাসা করা হবে।

আপনার রক্তের নমুনা দেওয়ার জন্য একটি ভ্রাম্যমান ক্লিনিকে উপস্থিত থাকা

আমরা ক্লিনিক হিসাবে বড় ভ্রাম্যমান ইউনিট এবং ছোট ভ্রাম্যমান ভ্যানগুলি ব্যবহার করব, যেখানে আমরা অংশগ্রহণকারীদের দেখব এবং Galleri পরীক্ষার জন্য আমাদের প্রয়োজনীয় রক্তের নমুনাগুলি নেব। এমন একটি ভ্রাম্যমান ক্লিনিক থাকা উচিত যেটিতে যাওয়া আপনার পক্ষে সুবিধাজনক। ক্লিনিকগুলি বেশিরভাগই সুপার মার্কেটের গাড়ির পার্কগুলিতে থাকবে, যেখানে বিনামূল্যে পার্কিং উপলব্ধ আছে। এটি এগুলিকে জন পরিবহণের মাধ্যমে সুগম করে তোলা উচিত।



প্রথম অ্যাপয়েন্টমেন্টে কী হবে?

আপনি যখন পরীক্ষণটির জন্য নিবন্ধন করেছিলেন এবং আপনার অ্যাপয়েন্টমেন্ট বুক করেছিলেন, তখন আমরা আপনার ক্যান্সারের ইতিহাস সম্পর্কে আপনাকে কয়েকটি প্রশ্ন জিজ্ঞাসা করেছিলাম। আপনি পরীক্ষণটির জন্য খুব সম্ভবত উপযুক্ত হবেন তা নিশ্চিত করতে আমরা এই প্রশ্নগুলি জিজ্ঞাসা করেছিলাম। আপনি যখন আপনার প্রথম সাক্ষাতের জন্য আসেন, তখন পরীক্ষণটি আপনার পক্ষে উপযুক্ত কিনা তা নিশ্চিত করার জন্য আমরা আপনাকে আপনার চিকিৎসাগত ইতিহাস সম্পর্কে আরও কিছু বিশদ প্রশ্ন জিজ্ঞাসা করব। অংশগ্রহণ করা আপনার জন্য নিরাপদ তা সুনিশ্চিত করা এবং পরীক্ষণটির ফলাফলগুলি নির্ভরযোগ্য তা নিশ্চিত করার জন্য সকল অংশগ্রহণকারী নির্দিষ্ট কিছু যোগ্যতার মানদণ্ড পূরণ করেছেন তা আমাদের নিশ্চিত করা প্রয়োজন। এই সম্ভাবনা আছে যে এই প্রথম সাক্ষাতে আমরা জানতে পারব যে পরীক্ষণটিতে অংশ নেওয়ার জন্য আপনি উপযুক্ত নন। যদি তা হয়, তাহলে আপনি কেন অংশ নিতে পারবেন না তা আমরা ব্যাখ্যা করব। আপনি যোগ্য না হলে আমরা রক্তের কোনো নমুনা নেব না।

আপনি যদি পরীক্ষণটির জন্য উপযুক্ত হন, তাহলে আমরা আপনাকে পরীক্ষণটি সম্পর্কে একটি সংক্ষিপ্ত ভিডিও দেখতে বলব এবং আপনার কোনো প্রশ্ন থাকলে আপনাকে তা জিজ্ঞাসা করার সুযোগ দেব। আপনি যদি এগিয়ে যেতে খুশি হন, তাহলে আপনি অংশ নিতে চান তা নিশ্চিত করতে আমরা আপনাকে সম্মতি ফর্মটি পূরণ করতে বলব।

Galleri পরীক্ষা একটি রক্ত পরীক্ষা হওয়ার কারণে, আমাদের আপনার রক্তের অল্প একটু নমুনা নেওয়ার প্রয়োজন হবে। এটি সাধারণ রক্ত পরীক্ষা করানোর মতো হবে এবং একজন প্রশিক্ষিত রক্ত গ্রহণকারী বিশেষজ্ঞ (ফ্লেবোটমিস্ট) রক্তের নমুনাটি নেবেন। আপনার রক্তের নমুনা নিয়ে সমস্যা হওয়ার বিরল ক্ষেত্রে, যেমন এটি যদি প্রেরণের সময়ে হারিয়ে যায়, তাহলে আপনাকে অতিরিক্ত রক্তের নমুনা প্রদান করতে বলা হতে পারে।

আপনার প্রথম অ্যাপয়েন্টমেন্ট চলাকালীন, আমরা আপনাকে একটি সমীক্ষা পূরণ করতেও বলব। সমীক্ষাটি আপনাকে আপনার ব্যক্তিগত বিবরণ, স্বাস্থ্য সংক্রান্ত আচরণ, এবং আপনার চিকিৎসাগত ইতিহাস সম্পর্কে জিজ্ঞাসা করবে। আপনি আপনার চিকিৎসাগত রেকর্ড থেকে আপনার স্বাস্থ্য সম্পর্কে তথ্য বিনিময় করতে রাজি আছেন কিনা তাও আমরা আপনাকে জিজ্ঞাসা করব। ক্যান্সারের রোগনির্ণয় এবং প্রাপ্ত চিকিৎসার মতো তথ্য এটির অন্তর্ভুক্ত রয়েছে। আপনার প্রথম সাক্ষাৎ প্রায় 45 মিনিট স্থায়ী হবে।

আপনার সাক্ষাৎ চলাকালীন কী ঘটবে

- **আগমন:** আমরা আপনার বুকিংয়ের তথ্য যাচাই করব।
- **যোগ্যতা:** আপনি পরীক্ষণটির জন্য উপযুক্ত আছেন তা আমরা যাচাই করব।
- **ভিডিও:** আমরা আপনাকে একটি সংক্ষিপ্ত তথ্য ভিডিও দেখতে বলব এবং আপনার কোনো প্রশ্ন থাকলে তার উত্তর দেব।
- **সম্মতি:** আমরা আপনাকে সম্মতি ফর্মটি পূরণ করতে বলব।
- **রক্তের নমুনা:** আমরা আপনাকে রক্তের অল্প একটু নমুনা দিতে বলব।
- **সমীক্ষাগুলি:** আমরা আপনাকে আপনার স্বাস্থ্য সম্পর্কে সমীক্ষাগুলি পূরণ করতে বলব।
- **ভাউচার:** আপনার সময়ের জন্য আপনাকে ধন্যবাদ হিসাবে আমরা আপনাকে একটি £10 ভাউচার দেব।

আমাকে কতগুলি অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত থাকতে হবে?

আমরা অংশগ্রহণকারীদের দুই বছরের সময়কাল ধরে মোট তিনটি পর্যন্ত অ্যাপয়েন্টমেন্টে উপস্থিত থাকতে আমন্ত্রণ

জানাব। পরবর্তী দুটি অ্যাপয়েন্টমেন্ট সংক্ষিপ্ত হবে, সম্ভবত প্রতিবার 15 মিনিট, এবং ভ্রাম্যমান ক্লিনিকগুলিতেও অনুষ্ঠিত হবে। আমরা অংশগ্রহণকারীদের অতিরিক্ত সমীক্ষাগুলি সম্পূর্ণ করতেও বলতে পারি যাতে আমরা পরীক্ষণটিতে তাদের অভিজ্ঞতা সম্পর্কে গুরুত্বপূর্ণ তথ্য জানতে পারি। আমরা নিশ্চিত করব যে আমরা আপনাকে খুব ঘন ঘন সমীক্ষা পূরণ করতে বলছি না। আমরা আপনাকে পরবর্তী তারিখে আপনার অভিজ্ঞতা সম্পর্কে কথা বলতেও আমন্ত্রণ জানাতে পারি, তবে এটি সম্পূর্ণরূপে ঐচ্ছিক হবে।

Covid-19 অতিমারী চলাকালীন রক্তের নমুনা দেওয়া কি নিরাপদ হবে?

যে সমস্ত ক্লিনিকে রক্তের নমুনা নেওয়া হয় সেখানকার কর্মীরা আপনাকে নিরাপদ রাখার জন্য NHS এর সকল নির্দেশিকা অনুসরণ করবেন। কর্মীরা ফেস মাস্ক পরবেন এবং সামাজিক দূরত্ব রাখার নির্দেশনাগুলি অনুসরণ করবেন। আপনার অ্যাপয়েন্টমেন্টের সময় একমাত্র যে ব্যক্তি শারীরিকভাবে আপনার কাছাকাছি থাকবেন তিনি হলেন আপনার রক্তের নমুনা গ্রহণকারী ব্যক্তি। আপনাকে একটি ফেস মাস্ক পরে আপনার অ্যাপয়েন্টমেন্টে যেতে হবে। **আমরা সকল উপযুক্ত নিরাপত্তা ব্যবস্থা বহাল রাখব।**

আমার অ্যাপয়েন্টমেন্টের পরে আমি কত শীঘ্র আমার পরীক্ষার ফলাফল পাব?

যে ব্যক্তিদের একটি ক্যান্সারের সংকেত সনাক্ত হয়েছে শুধুমাত্র তাদেরই পরীক্ষার ফলাফল দেওয়া হবে। যদি আপনার পরীক্ষার ফলাফল আপনার রক্তে একটি ক্যান্সারের সংকেত দেখায়, তাহলে পরীক্ষণ দলের গবেষণা নার্স আপনাকে আপনার ফলাফলটি জানানোর জন্য ফোনের মাধ্যমে যোগাযোগ করবেন। বেশিরভাগ ফলাফল 30 দিনের মধ্যে জানানো হবে, তবে মাঝে মধ্যে, এটি কয়েক দিন বেশি সময় নিতে পারে।

মনে রাখুন, আপনি যদি পরীক্ষা দলটিতে থাকেন এবং Galleri পরীক্ষা জানায় যে আপনার রক্তে ক্যান্সারের কোনো সংকেত নেই, তাহলে আপনাকে এই ফলাফল বলা হবে না।

আপনি যদি নিয়ন্ত্রণ দলে থাকেন, তাহলে আপনার রক্তের নমুনাটি Galleri পরীক্ষার সাহায্যে অবিলম্বে পরীক্ষা করা হবে না, তাই আপনাকে কোনও ফলাফল বলা হবে না।

এর অর্থ হল পরীক্ষণটিতে থাকা বেশিরভাগ ব্যক্তিকে পরীক্ষার ফলাফল দেওয়া হবে না।

পরীক্ষণটিতে আপনার ডেটা কীভাবে ব্যবহৃত হবে

আপনি যদি এই পরীক্ষণে অংশ নেওয়ার সিদ্ধান্ত নেন, তাহলে আমরা আপনার ব্যক্তিগত তথ্য এবং স্বাস্থ্য সম্পর্কিত তথ্য GRAIL Bio UK এবং কিং'স কলেজ লন্ডন (কিং'স) পরীক্ষণের ডেটাবেসে যোগ করব। আপনার পরীক্ষণের সকল ডেটা, ডেটা সুরক্ষা আইন (Data Protection Act) (2018) এবং ইউকে সাধারণ ডেটা সুরক্ষা বিধিনিয়ম (UK General Data Protection Regulation) অনুসারে সুরক্ষিত থাকবে। একসাথে, GRAIL Bio UK এবং কিং'স আপনার তথ্যের জন্য ডেটা কন্ট্রোলার হবে, যার অর্থ হল আপনার ডেটা কীভাবে ব্যবহার করা যেতে পারে সে সম্পর্কে তারা সিদ্ধান্ত নেবে। আপনার ডেটা কীভাবে ব্যবহৃত হবে সে সম্পর্কে আপনি আরও পড়তে পারেন এখানে: www.nhs-galleri.org/PrivacyNotice

শুধুমাত্র পরীক্ষণ দলের সদস্যদের, যাদের আপনার ব্যক্তিগত তথ্য দেখার প্রয়োজন হয়, তাদের পরীক্ষণটির উদ্দেশ্যে এটিতে অ্যাক্সেস থাকবে। আপনার ব্যক্তিগত ডেটা GRAIL Bio UK এবং আপনার অংশগ্রহণের সাথে যুক্ত থাকা কিং'স এর কর্মীরা এবং অনুমোদিত তৃতীয় পক্ষগুলি এই পরীক্ষণটির উদ্দেশ্যে এবং পরীক্ষণটিতে তাদের অংশগুলি পরিচালনার জন্য যেখানে প্রয়োজন শুধুমাত্র সেখানেই অ্যাক্সেস করবেন। পরীক্ষণটি শেষ হওয়ার পরে 10 বছর পর্যন্ত এটি এই সংস্থাগুলি দ্বারা সংরক্ষিত থাকবে।

আপনার স্বাস্থ্য সম্পর্কিত কিছু তথ্য যুক্তরাষ্ট্রে GRAIL, Inc.-কে প্রেরণ করা হবে, তবে এটি ছদ্মনামযুক্ত ডেটা হবে, অর্থাৎ, আপনার নাম, জন্ম তারিখ, এবং NHS নম্বরের মতো তথ্য যা আপনাকে সনাক্ত করতে পারে তা সরিয়ে দেওয়া হবে এবং একটি কোড নম্বর দিয়ে প্রতিস্থাপন করা হবে। আমরা পরীক্ষণটি সমাপ্ত করার পরে, আমরা কিছু ডেটা রাখব যাতে আমরা ফলাফলগুলি যাচাই করতে পারি। আমরা আমাদের রিপোর্টগুলি এমনভাবে লিখব যাতে কেউ খুঁজে বের করতে না পারে যে আপনি পরীক্ষণটিতে অংশ নিয়েছিলেন। US এ GRAIL, Inc. এর যে গবেষকরা এই পরীক্ষণটির উদ্দেশ্যে আপনার তথ্য প্রক্রিয়া করে বা সংরক্ষণ করে তাদের আপনার তথ্য নিরাপদ রাখার বিষয়ে আমাদের নিয়মাবলী অবশ্যই অনুসরণ করতে হবে।

আমার সম্পর্কে কোন ব্যক্তিগত তথ্য সংগ্রহ করা হবে?

আপনার সম্পর্কিত তথ্য, আপনার স্বাস্থ্য পরিচর্যার রেকর্ড এবং NHS এবং অন্যান্য সরকারী সংস্থাগুলির দ্বারা রক্ষিত আপনার সম্পর্কে তথ্য এই গবেষণা প্রকল্পের জন্য আমাদেরকে ব্যবহার করতে হবে। আমরা সরাসরি আপনার কাছ থেকে এই তথ্য সংগ্রহ করতে পারি, উদাহরণস্বরূপ আপনাকে একটি সমীক্ষা পূরণ করতে বলার মাধ্যমে। আপনার GP বা NHS

পরীক্ষণটিতে আপনার ডেটা কীভাবে ব্যবহৃত হবে
(চলছে)

এর কাছে থাকা চিকিৎসাগত রেকর্ডগুলি থেকেও আমরা তথ্য পেতে পারি। এই পরীক্ষণটি চলাকালীন আমরা যে তথ্য সংগ্রহ করি সেগুলির মধ্যে আপনার নাম, জন্ম তারিখ, NHS নম্বর, আপনার ঠিকানা, আপনার চিকিৎসাগত রেকর্ড এবং আপনার সমীক্ষার প্রতিক্রিয়াগুলি অন্তর্ভুক্ত থাকতে পারে।

কীভাবে তথ্য ব্যবহার করা হবে?

পরীক্ষণটিতে আপনার অংশ নেওয়া বা আপনি যে পরবর্তী গবেষণায় সম্মত হয়েছেন সেটির প্রসঙ্গেই শুধুমাত্র আপনার তথ্য ব্যবহার করা হবে। এর মধ্যে এগুলির জন্য তথ্যের ব্যবহার অন্তর্ভুক্ত থাকতে পারে:

- অ্যাপয়েন্টমেন্টগুলির সময়সূচি নির্ধারণ করা, পরীক্ষণ আপডেটগুলি, এবং আপনার স্বাস্থ্য বা আপনার যোগাযোগের বিবরণ সম্পর্কে আপনাকে জিজ্ঞাসা করার জন্য পরীক্ষণটি সম্পর্কে আপনার সাথে যোগাযোগ করতে। ডাকে চিঠি পাঠানো এবং কল সেন্টার পরিষেবাগুলির মতো পরিষেবাগুলি প্রক্রিয়াকরণ এবং প্রদানের উদ্দেশ্যে আপনার ব্যক্তিগত বিবরণ প্রয়োজন হতে পারে এমন পরীক্ষণের পরিচালনায় সহায়তা করার জন্য আমরা UK এর এবং UK এর বাইরের তৃতীয় পক্ষ সংস্থাগুলির পরিষেবা ব্যবহার করতে পারি।

- পরীক্ষণের পর্যবেক্ষক, অডিটর, নিয়ন্ত্রক সংস্থা এবং গবেষণা দলের সদস্যদের মতো মনোনীত ব্যক্তিদের দ্বারা লাইসেন্স পাওয়ার কাজ, অধ্যয়ন পর্যবেক্ষণ করা, অডিট করা, নিরাপত্তা রিপোর্ট করা এবং গুণমান আশ্বস্তকরণ।

- GP, হাসপাতাল, এবং UK তে জাতীয়ভাবে রক্ষিত ডেটাসেটগুলি থেকে আপনার স্বাস্থ্য সংক্রান্ত তথ্য অ্যাক্সেস করা। এর অন্তর্ভুক্ত হতে পারে NHS, জাতীয় রোগ নিবন্ধন পরিষেবা (National Disease Registration Service, NDRS), এবং জাতীয় পরিসংখ্যান অফিস (Office of National Statistics, ONS) দ্বারা সংগৃহীত ও পরিচালিত আপনার সম্পর্কিত তথ্য। এটি করার জন্য, GRAIL Bio UK এবং কিং'স আপনার নাম, NHS নম্বর, জন্ম তারিখ এবং পোস্টকোড এই সংস্থাগুলির কাছে সুরক্ষিতভাবে পাঠাবে, যারা আপনার সম্পর্কে রক্ষিত তথ্য ফেরৎ পাঠাবে যেহেতু তা আপনার স্বাস্থ্য এবং স্বাস্থ্য পরিষেবা ব্যবহারের সাথে সম্পর্কিত। পরীক্ষণটিতে আপনার অংশগ্রহণের পরে আমরা এটি 10 বছর পর্যন্ত করতে পারি। আপনি এই ডেটা স্থানান্তর থেকে যে কোনো সময় প্রত্যাহার করার জন্য স্বাধীন।

- আপনার বিবরণ পরিবর্তিত হলে NHS ডিজিটাল বা GP এর কাছ থেকে আপনার আপডেটকৃত যোগাযোগের বিশদ তথ্য পাওয়া।

আপনার অপ্ট আউট করার অধিকার সহ, ক্যান্সার নিবন্ধন সম্পর্কে আরও তথ্যের জন্য অনুগ্রহ করে দেখুন https://www.ndrs.nhs.uk/patient-leaflets/

আপনি কি আমার GP এর মতো আমার স্বাস্থ্য পরিচর্যা পেশাজীবীদের সাথে আমার তথ্য বিনিময় করবেন?

আমরা যাতে আপনার পরিচর্যার সাথে যুক্ত স্বাস্থ্যসেবা পেশাজীবীদের সাথে আপনার সম্বন্ধে স্বাস্থ্য সংক্রান্ত তথ্য বিনিময় করতে এবং পেতে পারি, সেই জন্য আমরা আপনাকে অনুমতি দিতে বলব। এটিতে আপনার GP অন্তর্ভুক্ত থাকতে পারেন। Galleri পরীক্ষায় যদি আপনার রক্তে ক্যান্সারের সংকেত খুঁজে পাওয়া যায়, তাহলে আপনার GP-কে এটি সম্পর্কে বলা হবে। তবে, অনুসরণমূলক পরীক্ষার জন্য আপনার যে অ্যাপয়েন্টমেন্টগুলিতে উপস্থিত থাকা প্রয়োজন সেগুলি সম্পর্কে আপনি সরাসরি পরীক্ষণ দল এবং আপনার হাসপাতালের কাছ থেকে শুনবেন।

আমার ব্যক্তিগত তথ্য কীভাবে ব্যবহার করা হয় সে সম্পর্কে আমার পছন্দগুলি কী কী?

আপনি যে কোনো সময়, যে কোনো কারণে পরীক্ষণটির অংশ হওয়া বন্ধ করতে পারেন, তবে আমরা ইতিমধ্যে আপনার সম্পর্কে যে তথ্য সংগ্রহ করেছি তা আমরা রেখে দেব। আপনি যদি এই পরীক্ষণে অংশ নেওয়া বন্ধ করার সিদ্ধান্ত নেন, তাহলে আমরা কেন্দ্রীয় NHS রেকর্ডগুলি, এবং আপনার হাসপাতাল ও GP-এর কাছ থেকে আপনার স্বাস্থ্য সম্পর্কিত তথ্য সংগ্রহ করা চালিয়ে যেতে চাইব। আপনি যদি এটি করতে দিতে না চান, তাহলে আমাদের বলুন এবং আমরা বন্ধ করব। গবেষণাটি নির্ভরযোগ্য হওয়ার জন্য আমাদের আপনার রেকর্ডগুলিকে নির্দিষ্ট উপায়ে পরিচালনা করা প্রয়োজন। এর অর্থ হ'ল আমরা আপনার সম্পর্কে যে ডেটা রাখি তা আমরা আপনাকে দেখতে বা পরিবর্তন করতে দিতে পারব না।

আপনার রক্তের নমুনা কীভাবে ব্যবহার করা হবে?

রক্তের সকল নমুনাগুলি প্রক্রিয়াকরণের জন্য UK এর একটি ল্যাবরেটরিতে পাঠানো হবে। আপনি যদি পরীক্ষা দলটিতে থাকেন, তাহলে Galleri পরীক্ষার সাহায্যে পরীক্ষা করার জন্য আপনার নমুনা এরপরে US এ GRAIL Inc. এর কাছে পাঠানো হবে। ক্যান্সারের একটি সংকেত সনাক্ত করা হলে শুধুমাত্র সেক্ষেত্রেই আপনি একটি ফলাফল পাবেন। আপনি যদি নিয়ন্ত্রণ দলে থাকেন তাহলে আপনার নমুনাটি UK-তে নিরাপদে সংরক্ষণ করা হবে এবং পরীক্ষণটির অংশ হিসাবে পরের একটি তারিখে পরীক্ষা করার জন্য US এ পাঠানো হবে। তবে, আপনি কোনো ফলাফল পাবেন না, এমনকি পরীক্ষণটি সমাপ্ত হওয়ার পরেও নয়।

GRAIL কি এই NHS-Galleri পরীক্ষণ ব্যতীত অন্য কোনো গবেষণার জন্য আমার রক্তের নমুনা ব্যবহার করবে?

প্রত্যেককে জিজ্ঞাসা করা হবে যে Galleri পরীক্ষার আরও উন্নতি করতে গবেষণার জন্য, এবং অন্যান্য পরীক্ষাগুলির বিকাশ ও উন্নতি করা এবং সেগুলি কতটা ভাল কাজ করে তা দেখার জন্য, তাদের নমুনাগুলি ব্যবহার করা যেতে পারে কিনা। আপনার নমুনা অন্য কোনো উদ্দেশ্যে ব্যবহার করা হবে না এবং অন্য কোনো সংস্থার সাথে বিনিময় করা হবে না। ভবিষ্যতের গবেষণায় আপনার নমুনা ব্যবহার করা সম্বন্ধে আপনি কোনও আপডেট পাবেন না, এমনকি পরীক্ষণটি সমাপ্ত হওয়ার পরেও নয়।

আমি যদি আমার রক্তের নমুনা ভবিষ্যতের গবেষণার জন্য ব্যবহার করার সম্মতি দিই, তাহলে এটির উপরে কী ধরণের জিনগত বিশ্লেষণ করা হতে পারে?

Galleri পরীক্ষা বা ভবিষ্যতের অন্যান্য নতুন পরীক্ষাগুলি যেভাবে কাজ করে তা উন্নত করতে আপনার নমুনা বিভিন্ন উপায়ে বিশ্লেষণ করা হতে পারে। এর কারণ হল এই ধরনের প্রাথমিক সনাক্তকরণ গবেষণা করার বিভিন্ন উপায় আছে এবং আরও ভাল উপায়গুলি প্রায়শই বিকাশ করা হচ্ছে।

আমরা যা বলতে *পারি* তা হ'ল দুই ধরনের নির্দিষ্ট জিনগত বিশ্লেষণকে যুক্ত করার জন্য আপনার নমুনা ব্যবহার করে ভবিষ্যত গবেষণার অনুমতি দেওয়া হবে না। এগুলিকে সম্পূর্ণ জিনোম সিকোয়েন্সিং বা এক্সোম সিকোয়েন্সিং বলা হয়। এই জেনেটিক বিশ্লেষণগুলি হল এমন যার ফলে আপনার খুব বিশদ প্রোফাইল পাওয়া যায় যার মধ্যে খুব সংবেদনশীল বা ব্যক্তিগত তথ্য থাকতে পারে। উদাহরণস্বরূপ, এটি আপনার সুনির্দিষ্ট স্বাস্থ্য সমস্যা দেখা দেওয়ার ঝুঁকি সম্পর্কে, বা আপনার পূর্বপুরুষ বা জাতি সম্পর্কে অনেক কিছু বলতে পারে। এটি আপনার সাথে ঘনিষ্ঠভাবে সম্পর্কিত ব্যক্তিদের সম্পর্কেও অনেক কিছু বলতে পারে, যেহেতু নিকট আত্মীয়দের মধ্যে প্রচুর পরিমাণে একই জিনগত উপাদান থাকে। এমনকি আপনি যদি ভবিষ্যত গবেষণায় আপনার নমুনা ব্যবহারের অনুমতি দেন, তাহলেও এটির উপরে এই নির্দিষ্ট প্রকারের জিনগত বিশ্লেষণ করা হবে না।

NHS-Galleri পরীক্ষণ সম্পর্কে আরও তথ্য

আমি যদি আমার মন পরিবর্তন করি এবং পরীক্ষণটি চালিয়ে না যাই তাহলে কী হয়?

আপনি যদি অংশ নেন এবং পরে আপনার মন পরিবর্তন করেন, তাহলে আপনি যে কোনো সময় পরীক্ষণটি ছেড়ে চলে যাওয়ার জন্য স্বাধীন। আপনি যে কোনো কারণে পরীক্ষণটি ছেড়ে চলে যেতে পারেন, কিন্তু আমরা আপনার থেকে ইতিমধ্যে সংগ্রহ করা তথ্য এবং নমুনাগুলি রেখে দেব। আপনাকে আরও রক্ত পরীক্ষার জন্য আসতে বা আর কোনো সমীক্ষা পূরণ করতে বলা হবে না।

আপনি যদি এটির জন্য অনুরোধ করেন, তাহলে আমরা আপনার GP বা NHS এর কাছ থেকে আপনার সম্পর্কে আর কোনও স্বাস্থ্য সংক্রান্ত রেকর্ড অ্যাক্সেস করব না। আপনি যদি আমাদের জানান যে আপনি চান আমরা বন্ধ করি, তাহলে আমরা NHS এবং স্বাস্থ্য তথ্য সংস্থাগুলির কাছ থেকে আপনার সম্পর্কে ডেটা গ্রহণ করা বন্ধ করব। আপনি যদি পরীক্ষণটি ছেড়ে চলে যান বা অংশ না নেওয়ার সিদ্ধান্ত নেন তাহলে আপনার স্বাভাবিক মেডিকাল চিকিৎসা কোনোভাবেই প্রভাবিত হবে না।

আমার সাথে যদি কিছু ঘটে থাকে এবং আমি পরীক্ষণটি চালিয়ে যেতে না পারি তাহলে কী হয়?

মানসিক সক্ষমতা হারানোর ঘটনায়, যেমন আপনার যদি এমন কিছু ঘটে থাকে যার ফলে পরীক্ষণটি কী ছিল বা আপনি কেন এটির অংশ হয়েছিলেন তা আপনি আর সম্পূর্ণরূপে বুঝতে পারেন না, তাহলে আপনাকে পরীক্ষণটি থেকে সরিয়ে দেওয়া হতে পারে। তবে, সেই মুহূর্ত পর্যন্ত ইতিমধ্যে আপনার সম্পর্কে সংগ্রহ করা যে কোনো নমুনা বা তথ্য আমরা ব্যবহার করা চালিয়ে যাব।

যদি আমি পরীক্ষণটি সম্পর্কে একটি অভিযোগ করতে চাই, বা কোনও কিছু ভুল হয়ে যায় তাহলে কী হয়?

অংশগ্রহণের ফলে আপনার ক্ষতিগ্রস্ত হওয়া বা আঘাতপ্রাপ্ত হওয়ার ঘটনায়, পরীক্ষণটিতে অংশ নেওয়া থেকে হওয়া ক্ষতির জন্য GRAIL আর্থিক ক্ষতিপূরণ প্রদানের বন্দোবস্ত করেছে। আপনি যদি বিশ্বাস করেন যে পরীক্ষণটিতে অংশ নেওয়ার কারণে আঘাতটি হয়েছে, তাহলে বিষয়টি পরীক্ষণ দলের সাথে আপনার আলোচনা করা উচিত। এই পরীক্ষণটি চলাকালীন আপনার সাথে যেভাবে যোগাযোগ করা হয়েছে বা আচরণ করা

হয়েছে তার কোনো দিক সম্পর্কে যদি আপনি অভিযোগ করতে চান তাহলে আপনি পরীক্ষণটির জন্য প্রধান অনুসন্ধানকারী, অধ্যাপক রিচার্ড নীল এবং অধ্যাপক চার্লস সোয়ানটনের সাথে chief_investigator@nhs-galleri.org এ বা পরীক্ষণ দলের সাথে participant_help@nhs-galleri.org এ যোগাযোগ করতে পারেন।

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে ওয়েবসাইটটি দেখুন www.nhs-galleri.org

অংশগ্রহণ করা কি আমার বিমাকে প্রভাবিত করবে?

আপনার যদি বেসরকারী স্বাস্থ্য বিমা, জীবন বিমা, বা ভ্রমণ বিমা থাকে বা আপনি তা কেনার পরিকল্পনা করেন, সেই ক্ষেত্রে এই পরীক্ষণে অংশগ্রহণ করলে তা ভবিষ্যতে আপনার দাবী করার ক্ষমতাকে প্রভাবিত করবে না তা নিশ্চিত করতে আপনার প্রদানকারীর সাথে যাচাই করে নেওয়া উচিত।

অধ্যয়নটিতে অংশ নেওয়ার দ্বারা যদি আপনার ক্যান্সার আছে বলে জানা যায়, তাহলে আপনাকে এই তথ্য একটি বিমার আবেদনপত্রে প্রদান করতে হতে পারে, যদি আপনার কাছে তা চাওয়া হয়।

আমি কীভাবে পরীক্ষণটির ফলাফলগুলি সম্পর্কে জানতে পারি?

আমরা পরীক্ষণটির প্রধান ফলাফলগুলি পেতে পারার আগে প্রায় 5 বছর সময় লাগবে। আমরা পরিকল্পিত 140,000 জন অংশগ্রহণকারীকে নিয়োগ করা এবং তাদের সম্পর্কে সমস্ত তথ্য সংগ্রহ করার পরে, আমরা সেই সমস্ত তথ্য বিশ্লেষণ করব। একবার তথ্যগুলি বিশ্লেষণ করা হয়ে গেলে, ফলাফলগুলি অর্থবহ তা নিশ্চিত করার জন্য অন্যান্য গবেষকরা এটি যাচাই করেন। এইভাবেই উচ্চ-মানের গবেষণা করা হয় - এটি সর্বদা অন্যান্য গবেষকদের দ্বারা পুঙ্খানুপুঙ্খভাবে যাচাই করতে হয়। যদি সবকিছু ঠিক থাকে, তাহলে আমরা পরীক্ষণটির ফলাফল সর্বজনীনভাবে বিনিময় করতে পারি। প্রায়শই এটি বিজ্ঞানভিত্তিক পত্রিকায়, প্রেস রিলিজে, এবং পরীক্ষণটির ওয়েবসাইটে থাকে। কোনো ফলাফল প্রকাশিত হলে আপনার পরিচয় গোপনীয় থাকবে।

এই পরীক্ষণের ফলাফলগুলির মালিক কে?

কিং'স কলেজ লন্ডনের এর গবেষকরা এবং GRAIL গবেষণার যে কোনো ফলাফলের মালিক হবেন। আপনি পরীক্ষণটিতে যুক্ত থাকার কারণে একটি পণ্য বা পরীক্ষা সফল হলে আপনি আর্থিকভাবে লাভবান হবেন না।

পরীক্ষণটি সমাপ্ত হলে আমার কী করা উচিত?

আপনাকে আমন্ত্রণ জানানো হয়েছে এমন যে কোনো ক্যান্সার যাচাই পরীক্ষার অ্যাপয়েন্টমেন্টে আপনার উপস্থিতি চালিয়ে যাওয়া উচিত এবং যে কোনো নতুন বা উদ্বেগজনক উপসর্গ সম্পর্কে আপনার GP এর সাথে যোগাযোগ করা উচিত।

পরীক্ষণটি চলাকালীন যদি আমার প্রশ্ন বা সমস্যা থাকে, তাহলে আমি কার সাথে যোগাযোগ করব?

পরীক্ষণটিতে অংশ নেওয়ার সময় আপনার যদি কোনো সমস্যা বা প্রশ্ন থাকে, তাহলে পরীক্ষণ দলের সাথে আপনার participant_help@nhs-galleri.org এ যোগাযোগ করা উচিত। আপনার যদি এমন কোনও প্রশ্ন থাকে যার উত্তর তারা দিতে পারেন না, তাহলে তারা আপনাকে এমন কারো কাছে রেফার করার চেষ্টা করবেন যিনি সাহায্য করতে পারেন।

IRAS প্রোজেক্ট ID: 293034 | ওয়েলস REC1 তথ্যসূত্র: 21/WA/014 | অংশগ্রহণকারী তথ্য পত্র v3.0 25জুন2021